60Rs.

साठ रुपया

भारत

INDIA

६० रु. SIXTY RUPEES 60RS

Admissible under ...
...ly stamped under Indian Stamp
Act 1899 as amended by Act III
of 1922 and section 82 (1) of
Calcutta Improvement Act 1911
Schedule I. A. No. 23
Rs.
Stamp Duty paid under
the Indian Stamp Act as
amended by Act III of
1922 ........................ 30.00
Additional Duty paid
under the Calcutta
Improvement Act........ 40.00
Paid in excess........
Total........................ 70.00

Fees paid under
A 10
N 2
12

Sub-Registrar, Alipore,
Sadar.

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা

মূল্য ২০০০৲ দুই হাজার টাকা

কোবালা গ্রহীতা

শ্রীমতি শান্তারাণী বসু
পতি শ্রী দীনেন চন্দ্র বসু
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
পূর্ব সাকিন গ্রাম সরুদি, থানা
চাঁদপুর, জিলা ত্রিপুরা, বর্তমান
সাকিন ৫৭।৪এ, প্রিন্স গোলাম
হোসেন শা রোড, কলিকাতা ৩২
থানা টালিগঞ্জ, জেলা ২৪ পরগণা

কোবালা দাতা

শ্রী প্রফুল্ল কুমার বসু পিতা মৃত মনী
কুমার বসু, জাতি হিন্দু, পেশা চাকুরী
হাল সাং ৭৪ নং বণ্ডেল রোড,
থানা বালীগঞ্জ, জেলা ২৪ পরগণা

বসু)

Scanned with CamScanner

No 4545 ... K. Kar
In Ava Rani ~~Ghosh~~
57/4A, Prince Golam Hossain
Shah Road. Cal.
For Rs. 60/-
Date 8/11/60 ... Clerk.
24-Parganas ... Alipur.

4545 - 60/-
4546 - 10/-
2 = Rs 70/-

Presented for registration at 9 1/2 ... 1/57 ... A.M. or P.M. on the ... Nov ... 19 ... at the office of the Sub-Registrar Alipore Sadar by Prafulla Kumar Basu
Executant ~~or claimant~~ or attorney for ... under a Power of attorney No ... of 19 ... authenticated by the ...

Prafulla Kumar Basu

Sub-Registrar, Alipore. Sadar.

Execution is admitted
by Prafulla Kumar Basu
Son / wife of Late Satish Kumar Basu
of 14 Bondel Road Thana Ballygunge
District 24 Pargs.
by caste Hindu by profession Pleader

Prafulla Kumar Basu

Identified
by Jogindra Nath Mukherji
Son / wife of Late Prasad Bandhu Mukherji
of 14/4 Jahapur Camp Thana
District 24 Pargs ...
by caste Hindu by profession Deed Writer

Thumb-impression dispensed with

Jogendra Nath Mukherji

Sub-Registrar, Alipore. Sadar.

Scanned with CamScanner

10 Rs.

দস রুপয়া

भारत
INDIA

১০রু. TEN RUPEES 10 RS.



কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ৵১ এক কাঠা পরিমাণ স্থিতিবান রায়তী স্বত্বের জমিজমা বিক্রয়ের নিঃস্বত্ব সাফ কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে —জেলা ২৪ পরগণা কালেক্টারির ১৫১ নং তৌজির মালিক জমিদার বাহাদুর সিং সিংহী দিং অধীন ও ১৫২নং তৌজির মালিক জমিদার স্বর্ণময়ী দাসী দিং অধীন জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ এলাকাধীন মৌজে বাঘাকপুর মধ্যে জ্ঞাংশে জনৈক রহিমদি মণ্ডল ও তাহার মাতা মাধববাসি মণ্ডলের ৮৬৩/১৩০ দাগভুক্ত •৭০ শতক পরিমাণ একতেতা স্থিতিবান রায়তি স্বত্বের জমি নিযুক্ত থাকে। উক্ত •৭০ শতক পরিমান জমির অর্দ্ধাংশ ১৫১নং তৌজিভুক্ত জমি হইতেছে ও অবশিষ্ট অর্দ্ধাংশ ১৫২ নং তৌজিভুক্ত জমি হইতেছে এবং সেমতে ৮৬৩/১৩০ দাগে মোট •৭০ শতক জমির অর্দ্ধাংশ •৩৫ শতক ১৫১ নং তৌজির অধিন বার্ষিক ১৸২ পাই জমায় ৬৯৮ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে ও অবশিষ্ট •৩৫ শতক জমি ১৫২ নং তৌজির অধিন বার্ষিক ১।।৶০ জমায় ৮০১ নং

No 4546
Sri Ava Rani ~~Ghosh~~ Kar
57/4A. Prince Golam Hossaini
Sahah Road. Cal.
For Rs. 10/-
Date 8/11/60
24-Parganas ... Alipur.

Sub-Registrar, Alipore,
Sadar.

Scanned with CamScanner

নং খতিয়ানে রেকর্ড হইয়াছে। উক্ত কছিমদ্দি মণ্ডলের ভ্রাতা মাধব আলি মণ্ডল লালমন বিবি ও জবেদা বিবি নামে দুই স্ত্রী ও লালমন বিবির গর্ভজাত সাহাদাত আলি মণ্ডল নামে এক নাবালক পুত্র ও খোদেজান বিবি নামে এক নাবালিকা কন্যা ও জবেদা বিবির গর্ভজাত আহাদাত আলি মণ্ডল নামে এক নাবালক পুত্র ও খুকী বিবি নামে এক নাবালিকা কন্যা বর্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর বিগত সেটেলমেন্ট জরিপ সমাগত হইলে উল্লিখিত ১৮২ সাই জমার ও ১।।৵০আনা জমার জমি জমাক্রমে ৬৯৮ ও ৮০১ নং খতিয়ানে কছিমদ্দি মণ্ডল ও মাধব আলি মণ্ডলের উল্লিখিত ওয়ারিশান লালমন দিগেরের নামে রেকর্ড হইয়া তাহাদের স্বত্ত্বে লিখন বিগত ১৯৩১ সালে চূড়ান্ত প্রচারিত হয়। কছিমদ্দি মণ্ডল ও মাধব আলি মণ্ডলের ওয়ারিশানগণ উল্লিখিত দুই জমার জমিতে এজমালিতে স্বত্ত্বান দখলকার থাকাবস্থায় জনৈক কেরামত আলি মিয়া সর্বপ্রথম ১৪।৩।৩৫ তারিখে কছিমদ্দি মণ্ডলের স্বত্ব দখলী ।।০ আনা রকম অংশের জমি বেহালা রেজেষ্টারী অফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৯, ২২৩ হইতে ২২৮ পাতায় লিখিত ৫২৯ নং সাফ কোবালা দ্বারা খরিদ করে। পরে আলিপুর ডিষ্ট্রিক্ট জজ আদালতের ১৯৩৩ সালের ৮৫ নং ৮ আইনের মোকদ্দমায় লালমন বিবির গর্ভজাত নাবালক পুত্র সাহাদাত আলি মণ্ডল ও নাবালিকা কন্যা খোদেজান বিবি পক্ষে তাহাদের মাতামহ গোমানী খাঁ অভিভাবক নিযুক্ত হন ও জবেদা বিবি তাহার গর্ভজাত নাবালক পুত্র আহাদাত আলি মণ্ডল ও নাবালিকা কন্যা খুকী বিবির পক্ষে অভিভাবিকা নিযুক্ত হন ও আদালতের ৬।৮।৩৫ তারিখ যুক্ত আদেশ মূলে উক্ত গোমানী খাঁ ও জবেদা বিবি উল্লিখিত নাবালক নাবালিকাগণের পক্ষে

পক্ষে তাহাদের নিজ নিজ অংশীয় জমি বিক্রয় করার অনুমতি প্রাপ্ত হন। সেমতে ২৪।৯।৩৫ তারিখে লাজমন বিবি ও জবেদা বিবি তাহাদের নিজ নিজ অংশের জমি ও সোবানী খাঁ সাহাদাত আলি মণ্ডল ও খোদেজান বিবির অংশীয় জমি ও জবেদা বিবি সাহাদাত আলি মণ্ডল ও খুকী বিবির অংশীয় জমি উল্লিখিত কেরামত আলি মিনার নিকট সাফ বিক্রয় করে। মিনা সাহেবের নাম বরাবর তাহাদের দিয়ত কোবালা বেহালা রেজেষ্টারী অফিসে রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৬০, ১৭৬ – ১৮৮ পাতায় লিখিত ২১১২ নং কোবালা দলিল হইতেছে। উপরোক্ত প্রকারে কেরামত আলি মিনা সাহেব নিম্ন ১।২ নং তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ৬৯৮ ও ৮০১ নং খতিয়ানের অন্তর্গত ৮৬৩/১৩৩ দাগভুক্ত মোট ০৭০ শতক পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের জমি খরিদ করিয়া তাহাতে স্বত্ববান দখলকার থাকা অবস্থায় উক্ত ৮৬৩/১৩৩ দাগ ভুক্ত ০৭০ শতক পরিমাণ ষোল আনা রকম জমিই বিগত ১৯।৯।৩৮ তারিখে আমার নিকট সাফ বিক্রয় করেন। আমার নাম বরাবর কেরামত আলি মিনা সাহেবের দিয়ত কোবালা আলিপুর সদর রেজেষ্টারী অফিসের রেজেষ্টারীকৃত বুক নং ১, ভলুম নং ৯৭, ৪৭ হইতে ৫২ নং পাতায় লিখিত ৩৮৩৮ নং দলিল হইতেছে। কেরামত আলি মিনার নিকট হইতে উল্লিখিত জমি আদি ক্রয় করার কালে পণের কোন টাকা নগদ আদায় না দিয়া তাহার দিয়ত কোবালা রেজেষ্টারী হওয়া অন্তে ঐ ১৯।৯।৩৮ তারিখেই পণের টাকা আদায়ের নিমিত্ত আমি আমার খরিদা ৮৬৩/১৩৩ দাগভুক্ত ০৭০ শতক জমি প্রথম বন্ধকের দায়ে আবদ্ধ রাখিয়া তাহার নাম বরাবর আলিপুর সদর রেজেষ্টারী অফিসে রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৭১, ২৮৪ –২৮৭ পাতায় লিখিত ৩৮৩৯

৩৮৩৯ নং সর্টগজ দলিল লিখিয়া পড়িয়া দেই। পরে পণের ষোল আনা টাকা আদায় দেওয়ায় কেরামত আলি মিনা আমার নাম বরাবর ২২।৭।৩৯ তারিখে এককতা উপযুক্ত ফিরিজি দলিল রেজেষ্টারী করিয়া দেন। এই ফিরিজি দলিল ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৭০, ২৩৪-২৩৬ পাতায় লিখিত ২৬৯৮ নং দলিল হইয়াছে। প্রকাশ থাকে যে কছিমদ্দি মণ্ডল নিম্নের ৩ দফায় উল্লিখিত লোকজনদের তাহার বংশীয় কতক রক্ষিত অস্থায়ী ভাবে থাকার কারণ মৌখিক অনুমতি দেওয়ায় তাহারা তপশীলভুক্ত জমির কতক কতক অংশে ঐ অনুমতি সূত্রে কেবলমাত্র দখলকার ছিল। পরে নিম্ন প্রদর্শিত মত তাহারা আমার নাম বরাবর উপযুক্ত দলিল সম্পাদন করিয়া তাহাদের নিজ নিজ দখলে থাকা জমি আমার অনুকূলে ত্যাগ করিয়া স্থানান্তর হইয়া যায়।

| | দলিলের তাং ও প্রকার | দলিল দাতার নাম | দলিলের বিবরণ |
|---|---|---|---|
| ১। | ২৩।২।৩৯ একরারনামা | ১। আবদুল রসিদ পিং মৃত সোহরবদি মণ্ডল<br>২। জামিলা খাতুন পতি আবদুল রসিদ | আলিপুর সদর রেজেষ্ট্রী অফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ২২, ১২২-১২৪ পাতায় লিখিত ৯৮০ নং দলিল |
| ২। | ৫।৫।৩৯ নাদাবি | ১। নছরুদ্দিন পিং মৃত আব্বাছ ওস্তাগর<br>২। জামিলা খাতুন পতি নছরুদ্দিন | ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১, ভলুম ৪৯, ৮৩-৮৫ পাতায় লিখিত ১৫৪৬ নং দলিল |
| ৩। | ২৮।৭।৩৯ নাদাবি | ১। বেলাত আলি মোল্লা পিতা মৃত খায়রা বকস মোল্লা | ঐ আফিসের রেজেষ্টারীকৃত বুক ১ ভলুম ৭৩, ৯২-৯৩ পাতায় লিখিত ২৭৭৬ নং দলিল |

উপরোক্ত প্রকারে তপশীল বর্ণিত ৮৬৩ ~~৯৩৩~~ দাগভুক্ত ০৭০ শতক জমি আমি ক্রয় করিয়া এবং খাস দখলে আনিয়া নিজ স্বত্ব ও অপরের বিরুদ্ধে স্বত্ব পরবারে বিনা সংস্রবে কখনও বা চাষাবাদ করাইয়া কখনও বা খাস পতিত রাখিয়া নির্বিবাদে ও

ও নিষ্কণ্টকে ভোগ দখল করিয়া আসিতেছি। ইতিপূর্বে আমার মৃত দখলীয় বাস্ত পতিত এই জমির কতকাংশ আপনি ঐ দাগভুক্ত চিহ্নিত পরিমাণ /৪।।৩৭ স্কয়ার ফিট জমি ১৩৬৩ বাংলা সনের ৩১শে বৈশাখ – ১৪।৫।১৯৫৬ ইং – তারিখের সাফ কোবালা দলিল মূলে খরিদ করিয়াছেন এবং উক্ত জমিতে পাকা ইমারতাদি প্রস্তুত করিয়াছেন। বর্তমানে আমার মৃত দখলীয় আপনার উক্ত খরিদা সম্পত্তির সংলগ্ন পূর্বদিকে বাস্ত পতিত জমির কমবেশ /১ এক কাঠা জমি বিক্রয় করিব বলিয়া ঘোষণা প্রকাশ করিলে আপনি উক্ত দাগভুক্ত চিহ্নিত /১ এক কাঠা জমি বেলমোক্তা ২০০০, দুই হাজার টাকা পণে খরিদ করিতে সম্মত হন। এক্ষণে পণের সমস্ত টাকা আপনি আমাকে নগদ দস্তবদস্ত বুঝাইয়া দেওয়ায় নিম্নের রায় মত তাহার প্রাপ্তি স্বীকারে নিম্ন ১।২ নং তফশীলে বিশেষভাবে বর্ণিত চিহ্নিত মোট /১ এক কাঠা পরিমাণ জমি যাহা পত্রসহ দাখিলী নকসায় – লাল রং এ প্রদর্শিত হইয়াছে তাহা সহ সর্ব প্রকার ইজমেন্ট স্বত্ব সমেত দখলস্বত্ব হক হকুক আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ও এই কোবালা সম্পাদনে স্বীকার অঙ্গীকার ঘোষণা ও প্রকাশ করিতেছি যে ঃ–

১। অদ্য হইতে তফশীল বিক্রীত সম্পত্তি হইতে সর্বতোভাবে আমি নিঃস্বত্ব হইলাম ও আপনি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলে দখলকারিণী হইলেন। আপনি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলবর্তী গণক্রমে দান, বিক্রয়াদি সর্বপ্রকার হস্তান্তরাদি করিবার যাবতীয় অধিকারে অধিকারিণী থাকিয়া বিক্রীত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে দেওয়া কোঠাদালান ইমারতাদি নির্মাণ করতঃ পরম সুখে ভোগদখল করিতে থাকুন। ইহাতে আমি কি আমার ওয়ারিশান স্থলবর্তীগণ কেহ কোনও

Scanned with CamScanner

কখনও কোন ওজর আপত্তি করিতে পারিব না কি পারিবেন না।

২। উপরিউক্ত মালিক সরকারে আপনি নিজ নাম জারি পূর্বক সন সন খাজনাদি আদায়ে নিজ নামে চেক দাখিলাদিও লইতে পারিবেন।

৩। তপশীল সম্পত্তি বিক্রয় করিবার আমার উত্তম স্বত্ব রহিয়াছে। ইতিপূর্বে ইহা আমি কাহারও নিকট দান বিক্রয়াদি দ্বারা হস্তান্তর করি নাই কিংবা বন্ধকাদি দ্বারা আবদ্ধ রাখি নাই কিংবা এরূপ কোন কার্য্যাদি করিবার জন্য কাহারও সহিত কোনরূপ চুক্তিতে আবদ্ধ হই নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন আদালতের কোন ক্রোক বা নিষেধাজ্ঞা জারি নাই বা ইতিপূর্বে তাহা খাজনার দায়ে বা আমার কোন দেনার দায়ে নিলাম বিক্রয় হয় নাই। এই সম্পত্তির উপর কাহারও কোন ওয়ারিশগণের দাবী নাই। ইহা কাহারও জামিনীতে আবদ্ধ সম্পত্তি নহে কিংবা এই সম্পত্তি বা তাহার কোন অংশ আমি দেব সেবাদি কার্য্যেও উৎসর্গ করি নাই। এই সম্পত্তি গভর্ণমেন্ট বা অন্য কোন পাবলিক বডি কর্ত্তৃক এ্যাকোয়ার্ড হইবার সম্পর্কে কোন ঘোষণাদি প্রচারিত হয় নাই বা আমার উপর কোন নোটিশও জারি হয় নাই। এই সম্পত্তির সহিত অপর কাহারও কোনরূপ স্বত্ব বা দখল সংস্রব নাই, তপশীল বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্ঝঞ্ঝাট অবস্থায় আছে।

৪। আমার স্বত্বের কোন দোষাদোষে যদি আপনার খরিদা স্বত্ব বা দখলের কোনরূপ ক্ষতি বা হ্রাস প্রাপ্ত হয় কিংবা এই দলিলের লিখিত কোন উক্তি যদি কখনও অমূলক, অসত্য বা প্রবঞ্চকতা মূলক বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি তজ্জন্য সম্পূর্ণরূপে দায়িক রহিলাম ও আপনার যাবতীয় ক্ষতিপূরণ

Scanned with CamScanner

ক্ষতিপূরণ দিতে ওয়ারিশান স্থলাভিষিক্তগণকে আমি বাধ্য রহিলাম।

৫। এই দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে তাহা সংশোধনের কারণ বা আপনার নিমিত্ত স্বত্ব বা দখল নিষ্কণ্টক বা দৃঢ়তর করার কারণ যদি অন্য কোন দলিলাদি আমাকে দিয়া আপনার করিয়া নেওয়ার প্রয়োজন হয় তাহা হইলে আপনার ব্যয়ে আমি আবশ্যকীয় দলিলাদি করিয়া দিতে বাধ্য রহিলাম।

৬। বিক্রীত সম্পত্তির সূত্র দলিলাদি অন্যান্য সম্পত্তির সহিত জড়িত থাকায় ঐ সব দলিল আপনাকে আমি অর্পণ করিতে পারিলাম না। উহা আমার নিকট রহিল এবং উহা উত্তম হেপাজতে রাখার জন্য আমি সম্পূর্ণরূপে দায়িক রহিলাম। আপনার প্রয়োজন মত উহা আপনার খরচায় আপনাকে দর্শাইতে বা যে কোন আদালতে উপস্থিত করিতে আমি বাধ্য রহিলাম।

৭। প্রকাশ থাকে যে ১৫২ নং তৌজিভুক্ত ২ নং তপশীল সম্পত্তির উপরিস্থ মালিক জমিদারগণ এতাবৎকাল পর্যন্ত কোন খাজনাদি আদায় করেন নাই। রেকর্ডে লিখিত মতে তাহারাই ২ নং তপশীল সম্পত্তির মালিক জমিদার হইতেছেন।

৮। বিক্রিত সম্পত্তির লাগাও দক্ষিণ পশ্চিম দাখিলা বরাবর ১৬' ফিট প্রস্থ পরিমাণ যে রাস্তার জমি প্রদর্শিত হইয়াছে ও বর্তমানে যাহার উপর দিয়া সর্ব সাধারণ চলাচল করিয়া থাকে তাহাতে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তীগণক্রমে আপনিও যানবাহনাদি সমেত চলাচল করিতে পারিবেন।

এতদর্থে পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলবর্তীগণক্রমে এই দলিলের যাবতীয়

Scanned with CamScanner

যাবতীয় সর্ত্তে ও উক্তিতে বাধ্য থাকিয়া সুস্থ শরীরে স্বেচ্ছায় সজ্ঞানে
ও অন্যের বিনা উপরোধে নিজ নাম সহি দস্তখতে আপনার নামে বরাবরে
এই নিঃস্বত্ব বিক্রয় কোবালা দলিল আমি রেজেষ্টারী করিয়া দিলাম।
ইতি সন ১৩৬৭ সালের বাং সালের ২৩শে কার্ত্তিক - মোতাবেক ইং
সন ১৯৬০ সালের ৯ই নভেম্বর।

## ১ নং তপশীল বিক্রীত সম্পত্তি

জেলা ২৪ পরগণা সব রেজেষ্টারী আলিপুর থানা সদর টালিগঞ্জ
কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন রেঃ সাঃ নং ৪২, তৌজি নং ১৫১,
জেঃ এল্ নং ৩৯, মৌজা আরাকপুর মধ্যে ঐ তৌজির বর্ত্তমান মালিক
জমিদার ৪৮ নং গড়িয়াহাটা রোড নিবাসী এ রুদ্র সিং সিংহী দিং
অধিনে খারিজ ১৫২ সাহ জমায় নিম্ন লিখিত দাগ বত্তিয়ানভুক্ত ০৩৫ শতাংশ
পরিমাণ স্থিতিবান রায়তি স্বত্বের যে জমি উক্ত মালিকগণের সেরেস্তায়
আমার নিজ নামে নিযুক্ত আছে তদন্তর্গত পত্র সহ দাখিলা নক্সায় লাল
বর্ণে চিহ্নিত মোট এক কাঠা পরিমাণ জমির অর্দ্ধাংশ ৵।।০ আট
ছটাক জমি এই তপশীলের বিক্রীত জমি হইতেছে। উক্ত ১৫২ সাহ জমায়
আমার কোন সরিক নাই। বিক্রীত জমির হারাহারি খাজনা ৵১৫ গণের
গণ্ডা মূল্য ১০০০৲ এক হাজার টাকা। ইহা কলিকাতা কর্পোরেশনের
সীমানাভুক্ত হইতেছে।

মৌজা বারাকপুর খতিয়ান নং ৬৯৮

| দাগ নং | দাগের মধ্যে উত্তর সীমানা | জমির রকম | বিক্রীত জমি |
|---|---|---|---|
| ৮৬৩ আট শত তেষট্টি / ১৩০ একশত ত্রিশ | নবাবজান | ডাঙ্গা | ৵।।০ ছটাক আট ছটাক মাত্র । |

২ নং তপশীল বিক্রীত সম্পত্তি

জেলা ২৪ পরগণা সবরেজেষ্টারী আলিপুর থানা সদর টালিগঞ্জ এলাকাধীন কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত ডিঃ সাঃ নং ৪২, তৌজি নং ১৫২ , জেঃ এল নং ৩৯ মৌজা বারাকপুর মধ্যে উক্ত তৌজির মালিক জমিদার বাওয়ালী নিবাসী নবকিশোর মণ্ডল দিগরের অধীন বার্ষিক ১।।৵০ খাজনা জমার নিম্ন লিখিত দাগ খতিয়ানভুক্ত মোট ০৩৫ শতক স্থানীয় মাপে কমবেশ ১৵১৵০ ছটাক পরিমাণ জমির অন্তর্গত পত্রসহ দাখিলী নকসায় লাল বর্ণে প্রদর্শিত চিহ্নিত মোট ৵১ এক কাঠা পরিমাণ রায়তি স্বত্বের জমির অর্দ্ধাংশ ৵।।০ আট ছটাক জমি এই তপশীলের বিক্রীত জমি হইতেছে । উক্ত ১।।৵০ খাজনা জমায় আমার আর কোন শরিক নাই । বিক্রীত জমির হারাহারি খাজনা ৲১২ বার গণ্ডা — মূল্য ১০০০৲ এক হাজার টাকা । ইহা কর্পোরেশান প্রেমিসেসভুক্ত জমি হইতেছে ।

Rupkumar Kumar Basu

## মৌজে আরাকপুর খতিয়ান নং ৮০১

| দাগ নং | মোঃ মহত উঃ সীমানা | | শ্রেণী | বিক্রীত জমি |
|---|---|---|---|---|
| ৮৬৩/১৩০ | আটশত তেষট্টি একশত ত্রিশ — | নবাবজান দিং | ডাঙ্গা | /।।০ ছটাক আট ছটাক মাত্র |

## বিক্রীত মোট /১ এক কাঠা জমির চৌহদ্দি

উত্তর — আরাকপুর মৌজার ১৩৪ দাগ

দক্ষিণ — ১৬´ ফিট প্রশস্থ সাধারণের চলাচলের রাস্তা

পশ্চিম — আপনার নিজ খরিদা জমি ও তদুপরিস্থিত পাকা ইমারতাদি

পূর্ব — আমার খাস পতিত জমি ।

## তপশীল পণের টাকার জায়

অদ্য মোং নগদ দস্তবদস্ত — — — ২০০০ টাকা

মং দুই হাজার টাকা মাত্র ।

উপরোক্ত পণের সমস্ত টাকা বুঝিয়া পাইয়াছি

Prafulla Kumar Basu

টাইপকারক
R. Chowdhury
আলিপুর জজ কোর্ট
২৪ পরগণা


ইসাদী
Harihar Raushat
Pleader, Alipore
9. 11. 60.

Nil-mony Chakrabarty
13H, Dr T. N. Majumder Street, Cal 26

Dinesh Chandra Kar
8 S-7/4A Prince Golam Hossain Shah Road Cal 32

Scanned with CamScanner

STE PLAN
OF
PORTION OF S. PLOT NO 863/130
MOUJA ARAKPUR. No. 39, P.S. TOLLYGUNGE DT. 24 PARGANAS
ALE - 50' = 1"
SOLD AREA (SWN IN RED) - 1 KATTAH




SURVEYED & DRAWN BY
B. ROY 7.11.60

Scanned with CamScanner